

www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৫.০০১.১৭.৪৫০

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯

০৫ জুন ২০২২

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ মোতাবেক স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এবং “শেখ রাসেল স্কুল অফ ফিউচার” এর তথ্য প্রদানে সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মধ্যে ২০২১-২২ অর্থবছরের জন্য স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী ২৫০০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১০০ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপন করার কথা উল্লেখ রয়েছে। সে মোতাবেক অত্র অধিদপ্তরাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” কর্তৃক ইতোমধ্যে সারাদেশে ২৫০০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১০০ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার স্থাপন করা হয়েছে। স্থাপিত ল্যাবসমূহের বর্তমান অবস্থা জানার জন্য সময়ে সময়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে টেলিফোন করবে। টেলিফোন করার সাথে সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ল্যাব সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করবেন।

এমতাবস্থায়, সংযুক্ত তালিকা মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে বিষয়টি অবহিত করার জন্য মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট জেলা এবং উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সংযুক্তিঃ

০১। ২৫০০ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব।

০২। ১০০ টি শেখ রাসেল স্কুল অফ ফিউচার।

৫-৬-২০২২

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক (প্রশাসন)

ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭০

ফ্যাক্স: +88-02-55006882

ইমেইল: ddadmin@doict.gov.bd

বিতরণ :

১) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সংশ্লিষ্ট জেলা কার্যালয়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২) সহকারী প্রোগ্রামার (সংশ্লিষ্ট উপজেলা কার্যালয়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৫.০০১.১৭.৪৫০/১(৫)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২) পরিচালক (অর্থ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) অফিস নথি/ মাস্টার ফাইল।



৫-৬-২০২২

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক